গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
https://dgfood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০১.২৫.৩৭৮

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ঢাকা মহানগরে মে, ২০২৬ মাসে ওএমএস খাতে আটা বিক্রির লক্ষ্যে বেসরকারি ময়দামিলের অনুকূলে গম বরাদ্দ।**

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ২৫.১০.২০২৩ তারিখের ২৫৩ নং স্মারক।
(খ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ১৯.০৫.২০২৪ তারিখের ৯৪ নং স্মারক।
(গ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ১৩.০৫.২০২৪ তারিখের ৯০ নং স্মারক।
(ঘ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ২৬.০২.২০২৫ তারিখের ৭৪ নং স্মারক।
(ঙ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ অধিশাখার ২৩.০২.২০২৫ তারিখের ০৮ নং স্মারক।
(চ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ০৯.০৩.২০২৫ তারিখের ৮১ নং স্মারক।
(ছ) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকার ২২.০৪.২০২৬ তারিখের ০৮ নং স্মারক
(জ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ২০.০৪.২০২৬ তারিখের ৬৯ নং স্মারক।
(ঝ) সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ০১.১০.২০২৫ তারিখের ১০৩৮ নং স্মারক।
(ঞ) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ১৮.১০.২০২৩ তারিখের ২৪১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ 'ছ' স্মারকের চাহিদার প্রেক্ষিতে ঢাকা মহানগরে ওএমএস কার্যক্রমে আটা বিক্রয়ের জন্য নিম্নে উল্লিখিত ময়দামিলসমূহের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ গম বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দপ্রাপ্ত মিলসমূহের মধ্যে ১ হতে ৯ নং ক্রমিকের মিলসমূহের অনুকূলে বরাদ্দকৃত গম ঢাকা জেলার তেজগাঁও সিএসডি হতে এবং ১০ হতে ২৩ নং ক্রমিকের মিলসমূহের অনুকূলে বরাদ্দকৃত গম সূত্রস্থ 'ক' স্মারকের নির্দেশনা মোতাবেক নারায়ণগঞ্জ সিএসডি ঘাটে আগত বার্জ হতে এক্সবার্জ সরবরাহ করা যাবে অথবা সূত্রস্থ 'ঝ' নির্দেশনা মোতাবেক নারায়ণগঞ্জ সিএসডি (গোডাউন) থেকে সরবরাহ করা যাবে।

| ক্রঃ নং | ময়দা মিলের নাম | মাসিক একপালা (পেষণ ক্ষমতা (মে.টন) | মে, ২০২৬ মাসে ১৭ বিক্রয় দিবস | | |
|---|---|---|---|---|---|
| | | | প্যাকেট আটার বরাদ্দ (গম) | খোলা আটার বরাদ্দ (গম) | মোট বরাদ্দ (গম) |
| ১ | মেসার্স ইয়াছিন ফ্লাওয়ার মিলস, ঢাকা | ১৬৫০ | ৫৫.১৯৫ | ১৪৩.১০৮ | ১৯৮.৩০৩ |
| ২ | মেসার্স হাদী ফ্লাওয়ার মিলস, ঢাকা | ৮২০ | ৫৫.১৯৫ | ৭১.১২০ | ১২৬.৩১৫ |
| ৩ | মেসার্স নিপা ফ্লাওয়ার মিলস, ঢাকা | ২৪৩৬ | ৫৫.১৯৪ | ২১১.২৮০ | ২৬৬.৪৭৪ |
| ৪ | মেসার্স ইউসুফ ফ্লাওয়ার মিলস, ঢাকা | ১৯২২ | ৫৫.১৯৫ | ১৬৬.৬৯৯ | ২২১.৮৯৪ |
| ৫ | মেসার্স র্যামন ফ্লাওয়ার মিলস, ঢাকা | ১৮০০ | ০.০০০ | ১৫৬.১১৮ | ১৫৬.১১৮ |
| ৬ | মেসার্স উজ্জল ফ্লাওয়ার মিলস, ঢাকা | ১২৫০ | ৩৩৯.১১৬ | ১০৮.৪১৫ | ৪৪৭.৫৩১ |
| ৭ | মেসার্স নূরতাস ফ্লাওয়ার মিলস, ঢাকা | ২৭৮৫ | ০.০০০ | ২৪১.৫৪৯ | ২৪১.৫৪৯ |
| ৮ | মীম শরৎ ফ্লাওয়ার, ফর্টিফাইড রাইস কার্নেল এন্ড মিক্সিং মিলস (ইউনিট-১), ঢাকা | ২২৩০ | ৩৩১.১৬৯ | ১৯৩.৪১৩ | ৫২৪.৫৮২ |
| ৯ | মেসার্স এম এ ভুইয়া ফ্লাওয়ার মিল, নারায়ণগঞ্জ | ১৬৪৩ | ২০৩.৪৭০ | ১৪২.৫০২ | ৩৪৫.৯৭২ |
| ১০ | মেসার্স দিবা ফ্লাওয়ার মিল, নারায়ণগঞ্জ | ৪৫১০ | ৫৫.১৯৫ | ৩৯১.১৬২ | ৪৪৬.৩৫৭ |
| ১১ | মেসার্স প্লাটিনাম ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ২৩৬০ | ৫৫.১৯৪ | ২০৪.৬৮৮ | ২৫৯.৮৮২ |
| ১২ | মেসার্স এস, ডি, ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ৯০০ | ০.০০০ | ৭৮.০৫৯ | ৭৮.০৫৯ |
| ১৩ | মেসার্স প্রিন্স ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ৮৪০ | ০.০০০ | ৭২.৮৫৫ | ৭২.৮৫৫ |
| ১৪ | মেসার্স ইসলাম ফুড এন্ড এলাইড ইন্ডা., নারায়ণগঞ্জ | ৮০৬ | ০.০০০ | ৬৯.৯০৬ | ৬৯.৯০৬ |
| ১৫ | মেসার্স মফিজ ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ১০০৪ | ৫৫.১৯৫ | ৮৭.০৭৯ | ১৪২.২৭৪ |
| ১৬ | সান ফ্লাওয়ার ফুড এন্ড এলাইড ইন্ডাঃ, নারায়ণগঞ্জ | ৯২০ | ০.০০০ | ৭৯.৭৯৪ | ৭৯.৭৯৪ |
| ১৭ | মেসার্স হানিফিয়া ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ৯৬০ | ৫৫.১৯৫ | ৮৩.২৬৩ | ১৩৮.৪৫৮ |
| ১৮ | মন্টি ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ৮০০ | ৫৫.১৯৫ | ৬৯.৩৮৬ | ১২৪.৫৮১ |
| ১৯ | পদ্মা ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ৭৯৯৫ | ৫৫.১৯৫ | ৬৯৩.৪২৪ | ৭৪৮.৬১৯ |
| ২০ | আলীয়া চিস্তিয়া ফ্লাওয়ার মিলস, নারায়ণগঞ্জ | ২০৪০ | ৫৫.১৯৫ | ১৭৬.৯৩৪ | ২৩২.১২৯ |
| ২১ | নিউ এস. এম. ফ্লাওয়ার, নারায়ণগঞ্জ | ১৮৯০ | ৫৫.১৯৫ | ১৬৩.৯২৪ | ২১৯.১১৯ |
| ২২ | মেসার্স এ.কে ফ্লাওয়ার মিল, নারায়ণগঞ্জ | ১৩৩০ | ০.০০০ | ১১৫.৩৫৪ | ১১৫.৩৫৪ |
| ২৩ | হোসাইনিয়া ফ্লাওয়ার মিল, নারায়ণগঞ্জ | ১০০০ | ৫৫১.৯৪৮ | ৮৬.৭৩২ | ৬৩৮.৬৮০ |
| | মোট = | ৪৩,৮৯১ | ২০৮৮.০৪১ | ৩৮০৬.৭৬৪ | ৫৮৯৪.৮০৫ |

উল্লেখ্য, নিম্নে বর্ণিত ১ হতে ৯ নং ক্রমিকের মিলসমূহের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ গম প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা এবং ১০ হতে ২৩ নং ক্রমিকের মিলসমূহের অনুকূলে বরাদ্দকৃত গম প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকাকে অবহিতপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ উপ-বরাদ্দ প্রদান করবেন। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা ওএমএস নীতিমালা-২০২৪ এবং বেসরকারি ময়দামিলে সরকারি গম বরাদ্দ ও পেষাই এবং ফলিত আটা সরবরাহ নীতিমালা-২০২২ অনুযায়ী পূর্বের বরাদ্দের পাওনাকৃত গম সমন্বয়, বরাদ্দকৃত গমের আটা (রেশিও অনুযায়ী) প্রাপ্তি এবং ওএমএস খাতে বিক্রি নিশ্চিত করবেন। মিলারগণকে বরাদ্দপ্রাপ্ত গম নিজ পরিবহণ খরচ ও নিজ দায়িত্বে প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং/জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এর নির্দেশিত কেন্দ্র হতে উত্তোলন করে নিজস্ব মিলে পেষণপূর্বক প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং এর নির্দেশিত এলএসডি/সিএসডি/নির্দেশিত স্থানে আটা পৌঁছে দিতে হবে। বরাদ্দকৃত গম গুদাম হতে যথাযথভাবে উত্তোলন ও পেষণপূর্বক বিনির্দেশ মানের ফলিত আটা নিবিড় তদারকির মাধ্যমে সুষ্ঠুভাবে বিক্রি সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদানসহ মিলারের নিকট পাওনা আটার পরিমাণ সমন্বয় করে পরবর্তী সম্ভাব্য চাহিদাপত্র প্রেরণ করতে হবে।

শর্তসমূহ:

(ক) তালিকাভুক্ত ময়দামিলসমূহের অনুকূলে মে, ২০২৬ মাসের বরাদ্দকৃত গম ২৫মে, ২০২৬ তারিখের মধ্যে গুদাম হতে উত্তোলন করার জন্য নির্দেশনা প্রদান করা;

(খ) গম উপ-বরাদ্দ প্রাপ্ত ময়দা মিলের তালিকা উপ-বরাদ্দ প্রদানের সাথে সাথে চাহিদাপত্রসহ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা;

(গ) মে ২০২৬ মাসের জন্য বরাদ্দকৃত গমের পেষাইকৃত ফলিত আটা উপকারভোগীদের মাঝে মে, ২০২৬ মাসেই বিতরণ করা;

(ঘ) গম বরাদ্দপ্রাপ্ত প্রতিটি মিলের পেষাইকৃত ফলিত আটার (প্যাকেট/খোলা) গুণগতমান দৈবচয়নের ভিত্তিতে নিয়মিত পরীক্ষা করা এবং রিপোর্ট সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করা;

(ঙ) প্যাকেট আটার বরাদ্দপ্রাপ্ত মিলগুলো ম্যানুয়্যাল/সেমি অটোমেটিক/সম্পূর্ণ অটোমেটিক কী না তা নিশ্চিত হয়ে বরাদ্দ প্রদান করা;

(চ) প্যাকেট আটা উৎপাদন কার্যক্রমে জড়িত মিলসমূহের মধ্যে যে সকল মিল সম্পূর্ণ অটোমেটিক/সেমি- অটোমেটিক/ম্যানুয়ালি প্যাকেট আটা উৎপাদন করছে, সে সকল মিলের অনুকূলে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সারাদেশে সামঞ্জস্য রাখা;

(ছ) নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দকৃত গম উত্তোলন না করলে সংশ্লিষ্ট ময়দা মিলের বিপরীতে পরবর্তী ০৬ (ছয়) মাসের বরাদ্দ প্রদান স্থগিত রাখা;

(জ) ওএমএস ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করা;

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৭-০৪-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০১.২৫.৩৭৮/১ (৭)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,নারায়ণগঞ্জ এবং
৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

২৭-০৪-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক